

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
সাধারণ শাখা



ফেব্রুয়ারি ২০২৩ মাসে অনুষ্ঠিত জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ শাহগীর আলম জেলাপ্রশাসক
সভার তারিখ	১৯ ফেব্রুয়ারি ২০২৩
সভার সময়	বেলা ৩.০০ টা
স্থান	জেলাপ্রশাসকের সম্মেলন কক্ষ, ব্রাহ্মণবাড়িয়া
উপস্থিতি	পরিশিষ্ট “ক” ও “খ”

সভাপতি এনজিও বিষয়ক সমন্বয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি এনজিও প্রতিনিধিগণকে স্বাস্থ্যবিধি মেনে দেশের দরিদ্র জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়নে সক্রিয় ভূমিকা রাখতে আহ্বান জানান। সভাপতি প্রতিটি এনজিওকে সরকারের ভিক্ষুক মুক্তকরণ কর্মসূচি, পরিচ্ছন্ন গ্রাম পরিচ্ছন্ন শহর কর্মসূচিসহ সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি সম্বন্ধে এবং মাদক সেবনের কুফল, শিক্ষা, স্বাস্থ্য, বাল্যবিবাহ রোধ, যৌতুক নিরোধ, স্যানিটেশন, অসহায় জনগণকে আইনগত সহায়তা, শিশুশ্রম প্রতিরোধ ও ফেইসবুক এর মাধ্যমে সংগঠিত বিভিন্ন অপরাধ সম্পর্কে সচেতনতা সৃষ্টি করতে আহ্বান জানান। তাছাড়া যেসব এলাকা দুর্গম, চলাচলের জন্য রাস্তাঘাটের সুবিধা নেই কিংবা উপজেলা সদর হতে অনেক দূরে অবস্থিত সেসব এলাকায় কার্যক্রম বৃদ্ধির জন্য সভাপতি সকলের প্রতি আহ্বান জানান

সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক) বিগত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিগণ সভাকে বিগত মাসে তাদের স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত কার্যক্রম সম্বন্ধে অবহিত করেন যা নিম্নরূপ:

আলোচনাক্রম ও প্রতিষ্ঠানের নাম	বিষয়
-------------------------------	-------

<p>০১। ব্র্যাক</p>	<p>জেলা সমন্বয়ক, ব্র্যাক জানান, তার সংস্থা জানুয়ারি ২০২৩ মাসে ব্রাহ্মণবাড়িয়া জেলায় স্বাস্থ্য পুষ্টি ও জনসংখ্যা কর্মসূচির মাধ্যমে ২৩০৯ জন গর্ভবতী মাকে এবং ৩১৩ জন প্রসূতি মাকে গর্ভপরবর্তী স্বাস্থ্যসেবা প্রদান করেছে। জেলার ৮০ জন স্বাস্থ্য কর্মীর তত্ত্বাবধানে ৮০৭ জন স্বাস্থ্যসেবিকার মাধ্যমে মাস্ক বিতরণ ও স্বাস্থ্যসেবায় সহযোগিতা দিয়েছে এবং ৫৯ টি কমিউনিটি ক্লিনিকে CG মিটিং করা হয়েছে। ওয়ার্কিং উইথ ইন্ডিভিজুয়াল, ফ্যামেলিজ এন্ড কমিউনিটিজ টু ইম্প্রুভ মেটারনাল এন্ড নিউবর্ন হেল্থ ইন বাংলাদেশ (IFC) কর্মসূচির মাধ্যমে সরাইল ও কসবা উপজেলায় ৯টি সিজি কমিটির রিফ্রেসার্স মিটিং অনুষ্ঠিত হয়। যক্ষ্মা নিয়ন্ত্রণ কর্মসূচির আওতায় মোট ৫০৪ জন নতুন রোগী সনাক্ত করা হয়েছে। ২৭৫৩ জন রোগীকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে এবং চলমান রোগীর পরিবারের ২৫৯ জনকে প্রিভেনটিভ খেরাপী দেওয়া হয়েছে। চিকিৎসকের পরামর্শে ৫৩১ জনকে বিনামূল্যে এক্সরে সেবা দেয়া হয়েছে। ২৯ জন দরিদ্র টিবি পজেটিভ রোগীকে ১৮৩৪০/- টাকা আর্থিক সহযোগিতা করা হয়েছে। এসডিপিতে জানুয়ারি ২০২৩ মাসে প্রোসপার প্রকল্পে সচ্ছল পরিবারের ১০ জন নির্বাচিত আগ্রহী কিশোর কিশোরীর তাদের পছন্দ অনুযায়ী ট্রেডে ৩ মাস মেয়াদি প্রশিক্ষণ চলমান। মাইক্রো ফাইন্যান্স কর্মসূচিতে জানুয়ারি ২০২৩ মাসে দারিদ্র বিমোচন কর্মসূচিতে ২,৬৮,৬৫৬ জন সদস্যের মধ্যে ৯৪৫৬ জনকে ৮২,২৩,২০,০০০/- টাকা, বর্গাচাষী উন্নয়ন কর্মসূচিতে ৯৪৯৭ জন সদস্যের মধ্যে ৩৪০ জনকে ২,৫৯,০৫,০০০/- এবং প্রগতি (স্মল এন্টারপ্রেনার/ এসএমই/ প্রবাসী ও নির্ভরতা ঋণ) কর্মসূচিতে ৩৮২২০ জন সদস্যের মধ্যে ৩৬১৩ জনের অনুকূলে ১১৫,৯৩,৮০,০০০/- টাকা ঋণ বিতরণ সহ সর্বমোট ৩,১৬,৩৭৩ জন সদস্যকে সঞ্চয় ও ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রেখেছে। বর্তমানে মোট ঋণস্থিতি: ১৩৭০,৮৫,৫৯,২২০ জন। চলতি মাসে ঋণ প্রদানে ১৩৪০৯ জন ঋণীর জন্মনিবন্ধন নিশ্চিতকরাসহ পরিবারের অন্যান্য সদস্যদের জন্ম নিবন্ধনের উৎসাহিত করা হয়েছে।</p>
<p>০২। আশা</p>	<p>ডিএম আশা জানান, তাঁর সংস্থা প্রাথমিক শিক্ষা শক্তিশালীকরণ কার্যক্রমের আওতায় ব্রাহ্মণবাড়িয়া জেলায় ১২ টি ব্রাঞ্চে ১৮০ টি শিক্ষা কেন্দ্রে ৫৪০০ জন শিক্ষার্থীকে নিজস্ব অর্থায়নে স্কুলের পড়া আয়ত্ত করার লক্ষ্যে পাঠদান কার্যক্রম চলমান আছে। প্রতি ৩ মাস পর পর সকল শিক্ষাসেবীকাকে সহকারী শিক্ষা অফিসার/ পিটিআই ইন্সট্রাক্টর দ্বারা পাঠ দান পদ্ধতির উপর ২ দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান কার্যক্রম অব্যাহত আছে। জানুয়ারি ২০২৩ মাসে সদস্যের মৃত্যুজনিত কারণে অনুদান হিসেবে দাফন/সৎকার এর জন্য প্রতি সদস্যকে ৫০০০.০০ টাকা করে ৩০ জন সদস্যকে ১,৫০,০০০.০০ টাকা প্রদান করা হয়েছে। সদস্য মৃত্যুজনিত কারণে ৩৫ জন সদস্যকে ১৪.২৪ টাকা ও ৫০ জন সদস্যের অভিভাবক মৃত্যুজনিত কারণে ১৯.৮১ লক্ষ টাকা ঋণ মওকুফ করা হয়। আশার ঋণ কার্যক্রম সহায়তায় মজলিশপুর ব্রাঞ্চার নিশ্চিতপুর গ্রামের মো: জাকির হোসেন কর্তৃক কৈচোসার / ভার্মিকপোস্ট উৎপাদন প্রকল্পের কাজ চলমান আছে।</p>

<p>০৩। ব্যুরো বাংলাদেশ</p>	<p>আঞ্চলিক ব্যবস্থাপক, ব্যুরো বাংলাদেশ জানান, তাঁর সংস্থা দরিদ্র জনগোষ্ঠীকে স্বাবলম্বী করার লক্ষ্যে গ্রামের দরিদ্র ও মধ্যম আয়ের জনগণের মাঝে ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা করে আসছে। বর্তমানে বাংলাদেশ সরকার এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন সংস্থার পাশাপাশি ব্যুরো বাংলাদেশ সুবিধা বঞ্চিত ১৬০৮৩ টি পরিবারকে নিরাপদ পানি স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থা এবং উন্নত স্বাস্থ্য অভ্যাস সম্পর্কে প্রশিক্ষিত করে তোলার পাশাপাশি আর্থিকভাবে সহযোগিতা করছে। বাংলাদেশ সরকার ও জাপান সরকারের অর্থায়নে বাংলাদেশ ব্যাংকের তহবিল ব্যবস্থাপনায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের কৃষিভিত্তিক প্রশিক্ষণ প্রদান করে কৃষি উৎপাদন বৃদ্ধি ও বহুমুখীকরণের লক্ষ্যে আর্থিক সহযোগিতা প্রদানসহ বোরো কৃষি সেবার মাধ্যমে কৃষি বিষয়ক পরামর্শ প্রদান করা হচ্ছে। ব্রাহ্মণবাড়িয়া আঞ্চলিক কার্যালয়ের ৪৪টি শাখার মাধ্যমে রেমিটেন্স সেবা প্রদান করা হচ্ছে। মাস্টারকার্ড ওয়ার্ল্ডওয়াইড এর সহযোগিতায় নারী উদ্যোক্তাদের জন্য আর্থিক ও ব্যবসা উন্নয়ন বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্য ব্যবসা ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান। অসম্বল মেধাবী শিক্ষার্থীদের মাঝে আখাউড়া উপজেলায় ১ জন, সরাইল উপজেলায় ১ জন এবং বিজয়নগর উপজেলায় ১ জনকে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ২ বছরের জন্য শিক্ষা সহায়তা বৃত্তি প্রদান করা হয়েছে, চলতি মাসে প্রদান করা হয়নি।</p>
<p>০৪। হোপ</p>	<p>নির্বাহী পরিচালক, হোপ, নবীনগর জানান তাঁর সংস্থা PKSF এর অর্থায়নে Bangladesh Rural Water, Sanitation and Hygiene for Human Capital Development Project এর আওতায় নভেম্বর, ২০২২ এ বাঞ্ছারামপুর উপজেলায় ১৯৬ টি স্বাস্থ্য সম্মত টয়লেট নির্মাণ করা হয়েছে। জুন ২০২২ হতে জানুয়ারি ২০২৩ মাস পর্যন্ত ব্রাহ্মণবাড়িয়া জেলায় ৫৯ টি শাখার মাধ্যমে ওয়াটার ঋণ বাবদ ৭৮৯ জনকে ২ কোটি ৫৪ লক্ষ টাকা, স্যানিটেশন ঋণ বাবদ ১৮০১ জনকে ৪ কোটি ৪০ লক্ষ টাকা প্রদান করছে।</p>
<p>০৫। ইপসা (ইয়ং পাওয়ার ইন সোশ্যাল এ্যাকশন)</p>	<p>জেলা সমন্বয়কারী, ইপসা (ইয়ং পাওয়ার ইন সোশ্যাল এ্যাকশন) সভায় বলেন Combating Early Marriage in Bangladesh (CEMB) প্রকল্পের আওতায় বাল্যবিবাহ প্রতিরোধে ব্রাহ্মণবাড়িয়া জেলায় কাজ করছে। বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৭, বাল্যবিবাহ নিরোধ বিধিমালা ২০১৮, শিশু অধিকার ও শিশু সুরক্ষা বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে তার সংস্থা কাজ করছে। ইপসা বাল্যবিবাহ নিরোধে জেলা পর্যায়ে যুব-কিশোর ও বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গ নিয়ে ১৫ জনের একটি নেটওয়ার্ক গুপ তৈরী করেছে। ইপসা বাল্য বিবাহ প্রতিরোধে বর্তমান সরকারের ২০১৮-২০৩০ পর্যন্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নে কাজ করছে।</p>

<p>০৬। স্বপ্নতরী সমাজ উন্নয়ন সংস্থা</p>	<p>নির্বাহী পরিচালক, সমাজ উন্নয়ন সংস্থা, ব্রাহ্মণবাড়িয়া জানান জানুয়ারি মাসে প্রতিবন্ধী উন্নয়নে খেলোয়ারদের মাঝে নগদ ১৫,০০ টাকা অর্থ বিতরণ করা হয়। ৪০৮ জনকে ২,৬৪,০৫,৬৩৭/- টাকা ফরেন রেমিটেন্স সেবা প্রদান করেছে। পথ শিশুদের বিনামূল্যে শিক্ষা কার্যক্রম চলমান আছে। তাছাড়া ২৫/০১/২০২৩ খ্রি. তারিখে স্বপ্নতরী সমাজ উন্নয়ন সংস্থার কনফারেন্স হলে মাদক প্রতিরোধ বিষয়ে মাদকদ্রব্য অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া এর সহকারী পরিদর্শক ও উপ-পরিদর্শক এর উপস্থিতিতে একটি আলোচনা সভা করা হয়।</p>
<p>০৭। সমাজ উন্নয়ন কেন্দ্র (সুক)</p>	<p>পরিচালক, সমাজ উন্নয়ন কেন্দ্র (সুক) জানান তাঁর সংস্থা ব্রাহ্মণবাড়িয়া জেলার সদর, বিজয়নগর, সরাইল, নাসিরনগর ও আশুগঞ্জ উপজেলায় ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়ন করেছে। স্যানিটেশন, বাল্যবিবাহ ও যৌতুকের ক্ষতিকর প্রভাব, নারী নির্যাতন ও আয়বৃদ্ধিমূলক প্রকল্প গ্রহণ সম্পর্কে সমিতির সাপ্তাহিক সভায় নিয়মিতভাবে আলোচনা করা হচ্ছে। মুজিববর্ষ উপলক্ষ্যে বঙ্গবন্ধু উচ্চ শিক্ষা বৃত্তি কার্যক্রমের মাধ্যমে ৫ জন গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীকে উচ্চ শিক্ষা সমাপ্ত করার জন্য প্রতিমাসে ৩০০০.০০ টাকা সাধারণ শিক্ষা বৃত্তি প্রদান চলমান। মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে সাধারণ বৃত্তি কার্যক্রমের মাধ্যমে ১ জন গরীব ও মেধাবী ছাত্রীকে প্রতি মাসে ২৫০০/- টাকা সাধারণ শিক্ষা বৃত্তি প্রদান চলমান। জানুয়ারি ২০২৩ মাসে ১১৩ জন সদস্যকে জন্ম নিবন্ধনের মাধ্যমে ঋণ বিতরণ করা হয়।</p>
<p>০৮। সেন্টার ফর কমিউনিটি ডেভেলপমেন্ট এ্যাসিস্ট্যান্স (সিসিডিএ)</p>	<p>এরিয়া অফিসার, সেন্টার ফর কমিউনিটি ডেভেলপমেন্ট এ্যাসিস্ট্যান্স (সিসিডিএ) জানান তাঁর সংস্থা ব্রাহ্মণবাড়িয়া জেলায় ১০টি শাখার মাধ্যমে কারিগরি সহায়তা প্রদান করে লাইভস্টক উন্নয়ন ও ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করেছে। ২০৬৮ জনকে মোট ১৩,৮৬,৬২,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়। ১২৩০ জন সদস্যকে তাদের সঞ্চয় ফেরত দেওয়া হয়। ৪৩ জন সদস্যের সন্তানদের ৮৪২০০.০০ টাকা শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। দাফন বাবদ ০৫ জন সদস্যকে ২৫০০০/- টাকা প্রদান করা হয়। এ ছাড়া ২৬৩ জন সদস্যের জন্মনিবন্ধন করানো হয়।</p>
<p>০৯। দিশা</p>	<p>এলাকা ব্যবস্থাপক, দিশা, (ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ ফর সোশ্যাল এ্যাডভান্সমেন্ট) জানান তাঁর সংস্থা শিক্ষা বৃত্তি, চিকিৎসা সহায়তা, কম্পিউটার প্রশিক্ষণ, গার্মেন্ট প্রশিক্ষণ, সেলাই প্রশিক্ষণ ও সভানেত্রী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করেছে।</p>
<p>১০। সিদ্দীপ</p>	<p>ডিস্ট্রিক ম্যানেজার, সিদ্দীপ সভায় জানান, তার সংস্থা ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করেছে। তাছাড়া শিক্ষা কার্যক্রম, গৃহহীনদের গৃহনির্মাণ সিদ্দীপের নিজস্ব অর্থায়নে চলমান। নবীনগর উপজেলার রতনপুর ও কসবা উপজেলার মুলগ্রাম ইউনিয়নে ৫৪টি ঘর বুঝিয়ে দেয়া হয়েছে। ভিক্ষুক পুনর্বাসন কর্মসূচির আওতায় ১৬ জনকে ১০,০০০.০০ টাকা অনুদান দিয়ে পূর্ববাসন করা হয়েছে। সিদ্দীপ ও পিকেএসএফ এর সহায়তায় ৫৪ টি ল্যাট্রিন গৃহহীনদেরকে বুঝিয়ে দেয়া হয়েছে। জানুয়ারি ২০২৩ মাসে ১২২ জনকে জন্ম নিবন্ধন করানো হয়েছে।</p>

<p>১১। সোসাইটি ফর সোসাল সার্ভিস</p>	<p>জোনাল ম্যানেজার, সোসাইটি ফর সোসাল সার্ভিস (এসএসএস), ব্রাহ্মণবাড়িয়া সভায় জানান, তাঁর সংস্থা জেলার ২৬টি শাখার মাধ্যমে ৭৬০টি গ্রামে ২৩২১ টি সমিতির সদস্যদের মাঝে ঋণ কর্মসূচি বাস্তবায়ন করছে। তাছাড়া শিক্ষা, স্বাস্থ্য সেবা, স্যানিটেশন, নিরাপদ পানি, সামাজিক কর্মসূচী, দারিদ্র বিমোচন, মানবিক সহায়তার মাধ্যমে সেবামূলক কাজ করছে। মাদকের কুফল নিয়ে উঠান বৈঠক, কর্মক্ষম ব্যক্তির লাশের দাফন-কাফন ও দুর্ঘটনা কবলিতদের আর্থিক সাহায্য করছে।</p>
<p>১২। ইসকস (ইসা সমাজ কল্যাণ সংস্থা)</p>	<p>নির্বাহী পরিচালক, ইসকস (ইসা সমাজ কল্যাণ সংস্থা), ব্রাহ্মণবাড়িয়া জানান, তার সংস্থা কর্তৃক বাল্যবিবাহ প্রতিরোধ ও কুফল, মাদকের কুফল নিয়ে আলোচনা করা হয়। মা ও শিশু স্বাস্থ্যসেবা পরিচালনা করা হয়। তাছাড়া মাদক ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণের বিষয়ে নিয়মিত উঠান বৈঠক করা হয়। জন্ম নিবন্ধন নিশ্চিতকরণ কার্যক্রম চলমান আছে।</p>
<p>১৩। উদ্দীপন</p>	<p>আঞ্চলিক ব্যবস্থাপক, উদ্দীপন, ব্রাহ্মণবাড়িয়া জানান, তাঁর সংস্থা ব্রাহ্মণবাড়িয়া জেলার সকল উপজেলাসহ ১৮টি শাখায় কার্যক্রম পরিচালনা করে আসছে। ১৮টি শাখায় সংগঠনের গ্রাহকদের প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিত কল্পে Pulse Oximeter, Infrared Thermometer, Digital BP Machine, Digital Weight Machine, Blood Glucometer ব্যবহারের মাধ্যমে স্বাস্থ্য সেবা নিশ্চিত করা হচ্ছে। জানুয়ারি ২০২৩ মাসে ২৭২ জন গ্রাহকের মধ্যে আরবিএস পরীক্ষায় শনাক্ত হয় ৩২ জন এবং ৪৪ জনের উচ্চ রক্তচাপ সনাক্ত হয় ও ১১ জন গ্রাহকের মধ্যে ইসিজি পরীক্ষা করা হয় এবং বিভিন্ন গ্রাম সংগঠন ও সংগঠনের বাহিরে ২৮ টি হেল্থক্যাম্প করা হয়েছে। জানুয়ারি ২০২৩ মাসে ১২৫ জনের জন্ম নিবন্ধন নিশ্চিত করা হয়েছে। কোভিড-১৯ ফেইজ-২ এর আওতায় পিকেএসএফ কর্তৃক অনুমোদিত ৫৬ জন গ্রাহকের মধ্যে ৫০,০০০০০.০০ লক্ষ্য টাকা বিতরণ করা হয়েছে।</p>

<p>১৪। পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র</p>	<p>জোনাল ম্যানেজার, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র, ব্রাহ্মণবাড়িয়া জোন জানান, তাঁর সংস্থা দারিদ্র্য বিমোচন এবং জীবন যাত্রার মান উন্নয়নে দরিদ্র জনগোষ্ঠীকে স্বাবলম্বী করার লক্ষ্যে দরিদ্র ও মধ্যম আয়ের জনগোষ্ঠীর মাঝে ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা করে আসছে। জানুয়ারি ২০২৩ মাসে ২১৯ জনকে ৮৩,২৫,০০০/- টাকা ঋণ সুবিধা প্রদান করা হয়। এর ধারাবাহিকতায় ব্রাহ্মণবাড়িয়া জেলায় ১০৯৩৪ পরিবারকেই এই সেবা দেয়ার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। জানুয়ারি ২০২৩ মাসে গ্রাহকদের মাঝে জীবনমান উন্নয়ন কার্যক্রমে আওতায় একাধিক ঋণের মাধ্যমে টিভি, ফ্রিজ, এয়ারকন্ডিশনার, সেলাই মেশিন ও রাইসকুকারসহ প্রয়োজনীয় জিনিসপত্র ক্রয়ের জন্য ২১৮ জনকে ৫১,১৭,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয় এবং সদস্য মৃত, স্বামীমৃত ও আইজিএ নষ্ট গ্রাহকদের কল্যাণ তহবিল প্রোগ্রাম হতে ঋণ মওকুফ করা হয় যা চলতি মাসে ১৮ জনের ১২,২০,১১৭/- টাকা ঋণ মওকুফ করা হয়। তাছাড়া ৯৩২ টি সমিতির মাধ্যমে ২৭,৯৪৩ জন সদস্যের মাঝে সাপ্তাহিক উঠান বৈঠকে মাদক নিয়ন্ত্রণের জন্য মাদকের কুফল, শিশুশ্রম ও বাল্য বিবাহ রোধ সম্পর্কে জনসচেতনতা মূলক আলোচনা করা হয়।</p>
<p>১৫। জাগরনি চক্র ফাউন্ডেশন</p>	<p>জোনাল ম্যানেজার, জাগরনি চক্র ফাউন্ডেশন, ব্রাহ্মণবাড়িয়া জানান তার সংস্থা কর্তৃক মহিলাদের ব্রেস্ট টিউমার, অর্শ, গেজ, পাইলস, জরায়ুনারীতে ইনফেকশন, জরায়ু নারীতে টিউমার, চোখে ছানি পড়া রোগের ফ্রি চিকিৎসা প্রদান করা হয়ে থাকে। ব্রাহ্মণবাড়িয়া সদর, আশুগঞ্জ, বিজয়নগর, নবীনগর ও আখাউড়া উপজেলায় স্বাস্থ্য সচেতনতা মূলক পরামর্শ (উঠান বৈঠক) করা হয়। জানুয়ারি ২০২৩ মাসে ঋণ বিতরণের পরিমাণ ৪২,৩১,৫২,০০০/-, ঋণ আদায় ৯,২২,৭৬,০১৪/- টাকা। আদায়ের হার ৯৯.৮৮%।</p>
<p>১৬। পাঞ্জেরী সমাজ উন্নয়ন সংস্থা</p>	<p>নির্বাহী পরিচালক, পাঞ্জেরী সমাজ উন্নয়ন সংস্থা জানান, তার সংস্থা আশুগঞ্জ উপজেলায় খানের চাতাল ও বস্তির অসহায় পরিবারের ১২০ জন শিশুকে স্বল্প খরচে পাঞ্জেরী একাডেমির মাধ্যমে প্রাথমিক শিক্ষা দিয়ে আসছে।</p>
<p>১৭। এফ.এইচ.পি</p>	<p>সিনিয়র আঞ্চলিক ব্যবস্থাপক, এফ.এইচ.পি (সোসাইটি ফর ফ্যামেলি হেপীনেস এন্ড প্রোসপারেটি) সভায় জানান তাঁর সংস্থা কর্তৃক সচেতনতামূলক কর্মসূচিতে সুবিধাভোগীর সংখ্যা ২৭১০ জন ও কৃষি কর্মসূচিতে সুবিধাভোগীর সংখ্যা ৬১৩০ জন। কোভিড-১৯ উপলক্ষ্যে ত্রান বিতরণ, স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী বিতরণ ও স্বল্পলাভে ঋণ বিতরণ করা হয়।</p>
<p>১৮। টিএমকেএস</p>	<p>নির্বাহী পরিচালক, তাতুয়াকান্দি মানব কল্যাণ সংস্থা, বাঞ্ছারামপুর জানান যে সংস্থার কর্মসূচি বাঞ্ছারামপুর, বিজয়নগর ও নাসিরনগর উপজেলায় দুঃস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচি ২০২১-২০২২ চক্রের উপকারভোগীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান। তার মধ্যে সেলাই প্রকল্প, মৎস্য চাষ প্রকল্প, বৃক্ষ রোপন, সমিতির সদস্যদের মাঝে মাস্ক বিতরণ সেনিটেশন প্রকল্প, স্বাস্থ্য, পুষ্টি, জনসংখ্যা বিষয়ক সেমিনার যৌতুক, বাল্যবিবাহ, মাদক বিরোধী উদ্বুদ্ধকরণ সভা বাস্তবায়ন চলমান আছে।</p>

১৯। ওয়ার্ল্ড কনসার্ন	প্রোগ্রাম অফিসার, ওয়ার্ল্ড কনসার্ন জানান, তাঁর সংস্থা জানুয়ারি ২০২৩ মাসে শিশু ফোরামের ২টি মিটিং, কিশোর দলের ১টি মিটিং, কিশোরী দলের ১টি মিটিং ও বাল্যবিবাহ প্রতিরোধে ইস্যুভিত্তিক মিটিং করা হয়। এফ.ডি.সি প্রোগ্রাম ও সমন্বিত উন্নয়ন প্রোগ্রাম বাস্তবায়ন করা হচ্ছে।
২০। দি লেপ্রোসী মিশন	টেকনিক্যাল সাপোর্ট অফিসার, দি লেপ্রোসী মিশন, ব্রাহ্মণবাড়িয়া জানান তারা জেলায় কুষ্ঠ রোগ নির্ণয় করে রোগ নিরাময় নিয়ে কাজ করছে। ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলায় ৬ জন, নাসিরনগর উপজেলায় ১১ জন, কসবা উপজেলায় ০৩ জন, সরাইল উপজেলায় ০৩ জন, আশুগঞ্জ উপজেলায়, আখাউড়া উপজেলায় ১ জন, নবীনগর উপজেলায় ০২ জন ও বিজয়নগর উপজেলায় ৫ জন সহ মোট ৩২ জন কুষ্ঠ রোগী চিকিৎসা করা হয়েছে এবং তাদের চিকিৎসা কার্যক্রম চলমান। এছাড়া কুষ্ঠ রোগ সম্পর্কে প্রশিক্ষণ দেয়া হচ্ছে, গরীব রোগীদের অর্থিকভাবে সহযোগিতা করছে। নতুন রোগী সনাক্ত ০২ জন। চিকিৎসা থেকে আরোগ্য লভকারী রোগীর সংখ্যা ০৯ জন।
২১। সমাজ প্রগতি সংস্থা	নির্বাহী পরিচালক, সমাজ প্রগতি সংস্থা জানান, তাঁর সংস্থা কর্তৃক ঝড়ে পড়া ৫ জন শিক্ষার্থীকে স্কুলে ভর্তি করানো হয়েছে।
২২। প্রশিকা	এলাকা ব্যবস্থাপক, প্রশিকা সভায় জানান, তার সংস্থা ১০ টি শাখার মাধ্যমে ৪,৫০,০০,০০০/- টাকা ঋণ বিতরণ করা করেছে। নারী নির্যাতন, গর্ভবতী মা ও শিশুর স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি বিষয়ক আলোচনা করা হয় ৩২০০ টি উঠান বৈঠকের মাধ্যমে। সীমান্তবর্তী এলাকায় মাদক বিরোধী ১৭০ টি উঠান বৈঠক করা হয় যার উপকারভোগীর সংখ্যা ১৭২৭ জন।
২৩। টিএমএসএস	অঞ্চল প্রধান, টিএমএসএস সভায় জানান তার সংস্থা নারী ও দরিদ্রদের ক্ষমতায়ন, শিক্ষার প্রসার ও স্বাস্থ্য সেবায় কাজ করছে। তাছাড়া নারীর ক্ষমতায়ন, সামাজিক সচেতনতা, উপানুষ্ঠানিক শিক্ষা, হতদরিদ্রের কর্মসংস্থান, এফআরপিপি প্রশিক্ষণ, ঋণ কর্মসূচি, মাদক নিয়ন্ত্রণ ও বাল্য বিবাহ রোধে কাজ করছে।
২৪। বিজ	বিজ, জোনাল ম্যানেজার জানান, তার সংস্থা দরিদ্র জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়ন কাজে সহযোগিতা করে আসছে। তাছাড়া ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করছে।
২৫। এসসাড (এসোসিয়েশন ফল সোশ্যাল সার্ভিস এন্ড ডেভেলপমেন্ট)	নির্বাহী পরিচালক, এসসাড জানান, তাঁর সংস্থা যে সমস্ত এলাকায় বিজ্ঞান শিক্ষার হার কম সে সমস্ত এলাকার বিদ্যালয়ে বিজ্ঞান ক্লাব গঠন করে ছাত্র- ছাত্রীদের উৎসাহিত করা হচ্ছে।
২৬। টিআইবি (সনাক)	এরিয়া কো-অর্ডিনেটর, সনাক জানান, তাঁর সংস্থা কর্তৃক জানুয়ারি ২০২৩ মাসে মাসিক সনাক সভা করা হয়েছে।
২৭। স্বনির্ভর ব্রাহ্মণবাড়িয়া	নির্বাহী পরিচালক, স্বনির্ভর, ব্রাহ্মণবাড়িয়া জানান, তার সংস্থা কর্তৃক ২০ জন প্রতিবন্ধীকে মাসিক ভাতা প্রদান কার্যক্রম চলমান আছে। এ জেলার ০৫ টি উপজেলায় গর্ভবতী মা এর স্বাস্থ্য সচেতনতা বিষয়ে প্রশিক্ষণ প্রদান, খাদ্যে ভেজাল প্রতিরোধে জনসচেতনতা, মা ও শিশু স্বাস্থ্য সচেতনতা ও বাল্য বিবাহসহ সামাজিক অবক্ষয় বিষয়ে সচেতনতা তৈরীর কার্যক্রম চলমান আছে। মাদক, জন্মনিবন্ধন এবং দল গঠন ও হিসাব ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:-

অলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
এনজিও সেবা প্রত্যাশীদের মধ্যে গর্ভবতী মহিলা থাকলে তাদেরকে হোম ডেলিভারিতে নিরুৎসাহিত করে শতভাগ প্রাতিষ্ঠানিক ডেলিভারি অর্থাৎ নিকটস্থ ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, জেলা সদর হাসপাতালে ডেলিভারি করানোর বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে বাঞ্ছারামপুর ও সরাইল উপজেলাকে শতভাগ প্রাতিষ্ঠানিক ডেলিভারি আওতায় আনার কার্যক্রম গ্রহণ করা হয়েছে।	১) এনজিও সেবা প্রত্যাশীদের মধ্যে গর্ভবতী মহিলা থাকলে তাদেরকে হোম ডেলিভারিতে নিরুৎসাহিত করে শতভাগ প্রাতিষ্ঠানিক ডেলিভারি অর্থাৎ নিকটস্থ ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, জেলা সদর হাসপাতালে ডেলিভারি করানোর বিষয়ে সচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় এবং বাঞ্ছারামপুর ও সরাইল উপজেলাকে শতভাগ প্রাতিষ্ঠানিক ডেলিভারির আওতায় আনার বিষয়টি বাস্তবায়নে সংশ্লিষ্ট এনজিওসমূহকে তৎপর হতে হবে।	সংশ্লিষ্ট এনজিও প্রতিষ্ঠান (সকল), ব্রাহ্মণবাড়িয়া
বাংলাদেশ সরকারের জন্মনিবন্ধন কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে এনজিওসমূহের অন্তর্ভুক্তি ও করণীয় সম্পর্কে সভায় আলোচনা করা হয়।	২) ক্ষুদ্র ঋণ প্রদানকারী এনজিও সমূহের নতুন ঋণ প্রদানের পূর্বে এবং পুরাতন ঋণ রিসিডিউল করার পূর্বে গ্রহীতা পরিবারের সকল সদস্যের জন্মনিবন্ধন সনদ জমা নেওয়ার বিষয়টি অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট এনজিও প্রতিষ্ঠান (সকল), ব্রাহ্মণবাড়িয়া
জেলাপ্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া বলেন এ জেলার সীমান্তবর্তী অঞ্চলে মাদকের প্রকোপ অত্যন্ত ভয়াবহ। সীমান্তবর্তী এলাকায় কার্যক্রম পরিচালনাকারী এনজিওসমূহের তালিকা পাওয়া গেছে। এনজিওসমূহ যেহেতু প্রান্তিক পর্যায়ে কার্যক্রম পরিচালনা করে সেহেতু মাদকবিরোধী জনসচেতনতা সৃষ্টিতে তাদের পক্ষে ভূমিকা পালন করা সম্ভব। সীমান্ত অঞ্চলে কার্যক্রম পরিচালনাকারী এনজিও সমূহকে এ বিষয়ে বিশেষ ভূমিকা রাখতে হবে।	৩) সীমান্তবর্তী উপজেলাগুলোতে কার্যক্রম পরিচালনাকারী এনজিওসমূহের নামের তালিকা মোতাবেক মাদকবিরোধী প্রচারণা ও মাদক মুক্ত সমাজ ব্যবস্থা গড়ে তুলতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে অন্তর্ভুক্ত করে একসঙ্গে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ৪) এনজিওসমূহ তাদের নিয়মিত কার্যক্রম পরিচালনাকালে উঠান বৈঠকসহ অন্যান্য গণসংযোগ কার্যক্রমে মাদক বিরোধী প্রচারণাকে অন্তর্ভুক্ত করবেন।	১. ব্র্যাক ২. আশা ৩. প্রশিকা ৪. ব্যুরো বাংলাদেশ ৫. পদক্ষেপ ৬. বীজ. ৭. এসএসএস (সোসাইটি ফর সোসাল সার্ভিস) ৮. পল্লী মঞ্জল সংস্থা ৯. উদ্দীপন ১০. শক্তি ফাউন্ডেশন ১১. পেইজ ডেভেলপমেন্ট সেন্টার ১২. সিসিডিএ, ১৩. টিএমকেএস

<p>অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক), ব্রাহ্মণবাড়িয়া সভায় বলেন, ক্ষুদ্রঋণ প্রদানের ক্ষেত্রে একই ব্যক্তি যেন একাধিক এনজিও প্রতিষ্ঠান হতে ঋণ নিতে না পারে সে বিষয়ে সতর্কতার সাথে দায়িত্ব পালন করতে হবে।</p> <p>সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ব্রাহ্মণবাড়িয়ার প্রতিনিধি সভায় বলেন জানুয়ারি মাসে তিনটি এনজিও প্রতিষ্ঠানের সাথে সমন্বয়পূর্বক বিভিন্ন উপজেলায় মাদক বিরোধী সমাবেশ করা হয়েছে। সীমান্তবর্তী উপজেলা গুলোতে মাসে অন্তত একটি করে জনসচেতনতামূলক সভা করার উপর তিনি গুরুত্বারোপ করেন।</p>	<p>৫) ক্ষুদ্র ঋণ প্রদানের ক্ষেত্রে একই ব্যক্তি যেন একাধিক এনজিও প্রতিষ্ঠান হতে ঋণ নিতে না পারে সে বিষয়ে সতর্কতার সাথে দায়িত্ব পালন অব্যাহত রাখতে হবে।</p> <p>৬) সীমান্তবর্তী উপজেলাগুলোতে মাসে একটি করে জনসচেতনতামূলক সভার আয়োজন করতে হবে।</p> <p>৭) এনজিওসমূহ সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়ার সাথে সমন্বয় করে মাদক বিরোধী সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।</p> <p>৮) পরবর্তী সমন্বয় সভার পূর্বে ব্র্যাক, ওয়ার্ল্ড কনসার্ন এবং স্বনির্ভর, ব্রাহ্মণবাড়িয়া মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়ার সাথে সমন্বয় পূর্বক মাদক বিরোধী সভার আয়োজন করবে</p>	<p>সংশ্লিষ্ট এনজিও, ব্রাহ্মণবাড়িয়া</p>
<p>সিনিয়র সহকারী কমিশনার, সাধারণ শাখা বলেন এনজিওসমূহের কার্যক্রম সম্বন্ধে সহজে জনগণের নিকট তথ্য পৌঁছানোর জন্য প্রতিটি এনজিওর ওয়েবসাইট থাকা প্রয়োজন। জেলাপ্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইটের সাথে প্রত্যেকটি এনজিওর ওয়েবসাইট সংযুক্ত থাকা প্রয়োজন।</p>	<p>৯) এনজিওসমূহের কার্যক্রম সম্বন্ধে সহজে জনগণের নিকট তথ্য পৌঁছানোর জন্য জেলাপ্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইটের সাথে প্রত্যেকটি এনজিওর ওয়েবসাইট সংযুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>১০) রেমিট্যান্স সেবার ক্ষেত্রে সেবাপ্রত্যাশীরা যাতে ভোগান্তির শিকার না হয় সেক্ষেত্রে সতর্কতার সাথে সেবা প্রদান করতে হবে।</p>	<p>এনজিও (সকল), ব্রাহ্মণবাড়িয়া</p>
<p>উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি সভায় বলেন উঠান বৈঠক করে যৌতুক, বাল্যবিবাহ, মাদক বিরোধী জনসচেতনতা বৃদ্ধি করা যায়। ফলে মাদক, যৌতুক ও বাল্যবিবাহের প্রবণতা কমে আসবে।</p>	<p>১১) যৌতুক, বাল্যবিবাহ, মাদক প্রতিরোধে উঠান বৈঠকের সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং সাধারণ জনগণসহ সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতি নিশ্চিত করতে হবে।</p>	<p>এনজিও (সকল), ব্রাহ্মণবাড়িয়া</p>
<p>সিনিয়র সহকারী কমিশনার, সাধারণ শাখা অনুমোদনহীন এনজিও প্রতিষ্ঠানসমূহ কর্তৃক ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করা হলে পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে সভাকে অবহিত করেন এবং সকল এনজিও নিজ নিজ মাইক্রোফ্রেডিট সনদ জেলা প্রশাসকের কার্যালয়ের সাধারণ শাখায় দাখিল করতে অনুরোধ জানান।</p>	<p>১২) এ জেলায় মাইক্রোফ্রেডিট কার্যক্রম পরিচালনাকারী সকল এনজিও নিজ নিজ মাইক্রোফ্রেডিট সনদ জেলাপ্রশাসকের কার্যালয়ের সাধারণ শাখায় দাখিল করবেন। অবৈধভাবে মাইক্রোফ্রেডিট কার্যক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।</p>	<p>সংশ্লিষ্ট এনজিও প্রতিষ্ঠান</p>

বিবিধ	<p>১৩). উপজেলা পর্যায়ে নিয়মিত এনজিও বিষয়ক সমন্বয় সভা করে কার্যবিবরণী জেলাপ্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে।</p> <p>১৪) বিভিন্ন এনজিও কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের তথ্য উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত করতে হবে।</p> <p>১৫) প্রকল্প কাজ আরম্ভ হওয়ার পূর্বে এনজিও কর্তৃক FD-6 ফরমে প্রত্যয়ন পত্র পাওয়ার জন্য বাধ্যতামূলক ভাবে জমা দিতে হবে। প্রকল্পের কাজ চলমান অবস্থায় উপজেলা নির্বাহী অফিসারগণ প্রকল্প পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণ করতে হবে।</p> <p>১৬) প্রকল্প এলাকায় তথ্য সম্বলিত বিলবোর্ড/সাইনবোর্ড স্থাপন করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।</p> <p>১৭) বৈদেশিক অনুদানের টাকা মাইক্রোক্রেডিট প্রোগ্রামে খরচ করা যাবে না। জেলাপ্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের পরামর্শক্রমে এনজিওকে বিভিন্ন উন্নয়নমূলক কাজের প্রকল্প গ্রহণ করতে হবে।</p>	<p>উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও এনজিও (সকল) ব্রাহ্মণবাড়িয়া</p>
-------	--	--

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ শাহগীর আলম
জেলাপ্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪২.১২০০.০০৮.০৮.০০২.২২.২৭৩

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৯
০৯ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
- ৩) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
- ৪) অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
- ৫) উপজেলা নির্বাহী অফিসার,(সকল), ব্রাহ্মণবাড়িয়া।
- ৬) জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় অফিস, ব্রাহ্মণবাড়িয়া
- ৭) উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
- ৮) উপপরিচালক, উপ পরিচালকের কার্যালয়, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, উপপরিচালকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
- ৯) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া
- ১০) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া
- ১১) সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ব্রাহ্মণবাড়িয়া
- ১২) নির্বাহী পরিচালক/ জেলা প্রতিনিধি/ শাখা ব্যবস্থাপক/ এলাকা সমন্বয়কারী/
.....এনজিও, ব্রাহ্মণবাড়িয়া (সকল), ব্রাহ্মণবাড়িয়া

১৩) অফিস কপি



মোঃ সাইফুল ইসলাম
অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক)